

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ১৭

ডিসেম্বর ০৬, ২০০৯
তারিখ : -----
অগ্রহায়ণ ২২, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বিরাজমান বিশ্ব অর্থনৈতিক পরিস্থিতি মোকাবেলায় রপ্তানীমুখী
শিল্প খাতে ঋণ পুনঃতফসিলীকরণ নীতিমালা সহজীকরণ প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৩, তারিখ-এপ্রিল ১৯, ২০০৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা
যাচ্ছে।

সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে বিশ্ব মন্দার কারণে রপ্তানীমুখী শিল্প খাতে বিশেষ করে হিমায়িত খাদ্য, চামড়া ও
চামড়াজাত পণ্য সামগ্রী, পাট ও পাটজাত পণ্য সামগ্রী, বস্ত্র (স্পিনিংসহ) এবং তৈরী পোষাক শিল্পের ক্ষতিগ্রস্ত গ্রাহকদের
খেলাপী ঋণ আবশ্যিকীয় ডাউন পেমেন্ট ছাড়া ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে সেপ্টেম্বর ৩০, ২০০৯ তারিখ পর্যন্ত
পুনঃতফসিলীকরণ করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বিশ্ব মন্দার কারণে রপ্তানীমুখী শিল্প খাতের ক্ষতিগ্রস্ত গ্রাহকদের খেলাপী
ঋণ আবশ্যিকীয় ডাউন পেমেন্ট ছাড়া ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে জুন ৩০, ২০১০ তারিখ পর্যন্ত পুনঃতফসিলীকরণ
করা যাবে।

উল্লেখ্য, ঋণ পুনঃতফসিলীকরণের বিষয়ে ইতোপূর্বে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০১, ০২ ও ০৩ তারিখ
যথাক্রমে জানুয়ারী ১৩, ২০০৩, ফেব্রুয়ারী ১৪, ২০০৬ ও মার্চ ১৯, ২০০৬ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত
থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(আবু হেনা মোহাঃ রাজী হাসান)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫